

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯০৭

উদয়পুর, ১৪ আগস্ট, ২০২৪

### উদয়পুরে রাজ্যভিত্তিক সুকান্ত জন্মজয়ন্তী

উদয়পুর রাজর্ষি হলে আজ রাজ্যভিত্তিক সুকান্ত জন্মজয়ন্তী উদযাপন করা হয়। বিদ্যালয় শিক্ষা দপ্তর, গোমতী জেলা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক অভিষেক দেবরায়। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, কিশোর কবি সুকান্ত ভট্টাচার্যের লেখা কবিতা আজও প্রাসঙ্গিক। তার লেখার মধ্য দিয়ে তিনি তৎকালীন বাস্তব সমস্যাগুলি তুলে ধরেছেন।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতী জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা জয়ন্ত ভট্টাচার্য, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা মনোজ দেববর্মা প্রমুখ। বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ডক্টর বর্ণালী ভৌমিক ঘোষ। তিনি সুকান্ত ভট্টাচার্যের জীবনের বিভিন্ন দিক তুলে ধরে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা। সুকান্ত জন্মজয়ন্তী উপলক্ষে সংগীত, নৃত্য ও কুইজের আয়োজন করা হয়।

\*\*\*\*\*